# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ১৭. ৭. কন্যা সন্তান সকল দুশ্চিন্তা ও লজ্জার কারণ

“মেয়ে পিতার কাছে গুপ্ত দুশ্চিন্তা স্বরূপ, তার বিষয়ে চিন্তা নিদ্রা দূর করে; তার যৌবনকালে, পাছে মস্নান হয়, তার বিবাহ-জীবনে, পাছে ঘৃণার পাত্রী হয়। সে যতদিন যুবতী, ততদিন ভয় আছে, সে ভ্রষ্টা হবে, ও পিতৃগৃহে গর্ভবর্তী হবে; স্বামীর ঘর করার সময়ে, পাছে অপরাধে পতিতা হয়, বিবাহকালে, পাছে বন্ধ্যা হয়। একগুঁয়ে মেয়ের উপর আরও সতর্ক থাক, পাছে সে তোমাকে তোমার শত্রুদের তাচ্ছিল্যের বস্তু করে ..... নারীরা লজ্জা ও বিদ্রূপ ঘটায়।” (বেন-সিরা ৪২/৯-১৩)

তাহলে পুত্র সন্তান গৌরবের উৎস। পুত্রের জন্য মানুষের কোনো দুশ্চিন্তা থাকে না। পুত্রের বিপথগামিতা, ভ্রষ্টাচার, ব্যভিচার বা একগুঁয়েমির কোনো ভয় থাকে না! যত দুশ্চিন্তা সবই মেয়েকে নিয়ে!? পুত্র থেকে বা পুরুষ থেকে কোনো শঠতাও বের হয় না এবং লজ্জা বা বিদ্রূপও ঘটে না!?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14459

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন